গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৩৯/২০১৮-২০১৯
ঢাকা, ১৬ জুন রোববার ২০১৯, ২ আষাঢ় ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রোহিঙ্গা প্রত্যাবাসন সিআইসিএ'র সহযোগিতা চেয়েছেন রাষ্ট্রপতি
২। এসএসএফকে আধুনিক প্রযুক্তিসম্পন্ন হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর
৩। রোহিঙ্গা ইস্যুর সমাধান ও তিস্তা চুক্তি সম্পাদনে ভারতের সহায়তা কামনা : বাংলাদেশ ও ভারতের পরাষ্ট্রমন্ত্রীর বৈঠক
৪। প্রযুক্তিকে কাজে লাগিয়ে জীবন গড়তে হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৫। বাস্তবসম্মত বাজেট টেকসই অর্থনীতিকে আরো মজবুত করবে : সেতুমন্ত্রী
৬। আজ জাতীয় ফল প্রদর্শনী শুরু
৭। ওসি মোয়াজ্জেমকে গ্রেফতারে পুলিশের গাফিলতি নেই : স্বরাষ্ট্রমন্ত্রী
৮। শিক্ষাক্ষেত্রে আরও তহবিল নিশ্চিত করা হবে : পরিকল্পনামন্ত্রী
৯। কারিগরি শিক্ষা প্রসারে স্বনির্ভরতার হার বেড়েছে কয়েকগুণ : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী
১০। দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ সেরা : তথ্য প্রযুক্তিমন্ত্রী
১১। সীমান্তে হত্যায় উদ্বেগ প্রকাশ করেছে বিজিবি : ঢাকায় সীমান্ত সম্মেলন শেষ
১২। বাংলাদেশ জাতিসংঘের ইকোসকের সদস্য নির্বাচিত
১৩। সন্ত্রাস-জঙ্গি ও মাদক দমনে রাজধানীতে নাগরিক তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা প্রত্যাবাসন সিআইসিএ'র সহযোগিতা চেয়েছেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মিয়ানমারে নিজ ভূমিতে নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে প্রত্যাবাসনের জন্য সিআইসিএ অংশীদারদের স্বতঃস্ফূর্ত সমর্থন ও সহযোগিতা চেয়েছেন। গতকাল (১৫ জুন শনিবার) তাজিকিস্তানের রাজধানী দুশানবের নাভরুজ প্রাসাদে কনফারেন্স অন ইন্টার অ্যাকশন অ্যান্ড কনফিডেন্স বিল্ডিং মেজার্স ইন এশিয়ার (সিআইসিএ) পঞ্চম সম্মেলনে ভাষণদানকালে রাষ্ট্রপতি এ সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, বাংলাদেশ জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের ১১ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে। আমরা এ সংকটের শান্তিপূর্ণ সমাধান চাই। এজন্য তাদের প্রত্যাবাসনে মিয়ানমারের সঙ্গে চুক্তি করেছি। তবে এতে যদি সমস্যার সমাধান না হয়, তাহলে এ সংকট গোটা অঞ্চলে অস্থিতিশীলতা তৈরি করতে পারে। রাষ্ট্রপতি রোহিঙ্গা সংকটের ব্যাপারে বাংলাদেশের অবস্থান তুলে ধরে আরো বলেন, ভয়ঙ্কর গণহত্যা ও ব্যাপকভাবে মানবাধিকার লংঘনের শিকার রোহিঙ্গা জনগণের জন্য বাংলাদেশ তার দ্বার উন্মুক্ত করে দিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২)।

২। **এসএসএফকে আধুনিক প্রযুক্তিসম্পন্ন হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রযুক্তির উৎকর্ষতার এ যুগে অপরাধের ধরন পাল্টাতে থাকায় একে মোকাবিলার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) সদস্যদের আধুনিক প্রযুক্তিসম্পন্ন ও যুগোপযোগী হয়ে গড়ে ওঠার আহ্বান জানিয়েছেন। প্রতিটি জিনিসের ভালো ও খারাপ দুটি দিকই থাকে উল্লেখ করে তিনি বলেন, প্রতিনিয়ত সন্ত্রাসের ধরন বদলাচ্ছে, নতুন প্রযুক্তি যেমন আমাদের উন্নয়নের যাত্রাপথকে সুগম ও গতিশীল করে দেয় তেমনি একইভাবে যারা সন্ত্রাস-জঙ্গিবাদ, অসামাজিক কাজসহ নানা অপরাধে সম্পৃক্ত তাদের ক্ষেত্রেও নতুন সুযোগ সৃষ্টি করে দেয়। প্রধানমন্ত্রী গতকাল (১৫ জুন শনিবার)রাজধানীর তেজগাঁওয়ে এসএসএফ অফিসার্স মেস-এ এসএসএফ'র ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

৩। **রোহিঙ্গা ইস্যুর সমাধান ও তিস্তা চুক্তি সম্পাদনে ভারতের সহায়তা কামনা : বাংলাদেশ ও ভারতের পরাষ্ট্রমন্ত্রীর বৈঠক**

রোহিঙ্গা সংকটের সমাধান, তিস্তার পানি চুক্তি সম্পাদন এবং সীমান্তে হত্যাকাণ্ড বন্ধে ভারতের সহায়তা চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গত ১৪ জুন শুক্রবার তাজিকিস্তানের রাজধানী দুশানবেতে কনফারেন্স অন ইন্টারঅ্যাকশন এন্ড কনফিডেন্স বিল্ডিং মিজারস ইন এশিয়া (সিআইসিএ) এর পঞ্চম শীর্ষ সম্মেলনের বাইরে ভারতের নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শংকরের সঙ্গে বৈঠকে এ আহ্বান জানান পররাষ্ট্রমন্ত্রী মোমেন। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এসব বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। পররাষ্ট্রমন্ত্রী মোমেন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁদের রাজনৈতিক প্রজ্ঞা ও দূরদর্শিতা এবং নেতৃত্বের মাধ্যমে দুই দেশের মধ্যে দীর্ঘদিন ঝুলে থাকা স্পর্শকাতর ইস্যুসমূহ সমাধান করে দ্বিপাক্ষিক সম্পর্ককে যে অভূতপূর্ব উচ্চতায় উন্নীত করেছেন, তা বিশ্বের অপরাপর দেশসমূহের জন্য এক অনুকরণীয় দৃষ্টান্ত। তিনি আরো বলেন, বাংলাদেশে প্রায় ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চলে ভারতীয় বিনিয়োগ আকর্ষণে ভারতের সহযোগিতা কামনা করেন। সূত্র : **ইত্তেফাক (পৃ.২,ক.৪), সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৪। **প্রযুক্তিকে কাজে লাগিয়ে জীবন গড়তে হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

প্রযুক্তিকে কাজে লাগিয়ে তরুণদের জীবন গড়ার আহ্বান জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। তিনি বলেছেন, তরুণ প্রজন্মই দেশের ভবিষ্যৎ। নিজেদের ক্যারিয়ার ও দেশের কল্যাণে তাদের আত্মনিয়োগ করতে হবে। মোবাইল ফোনসহ সব প্রযুক্তির সর্বোচ্চ সুবিধা কাজে লাগিয়ে নিজেদের জীবন গড়তে হবে। গতকাল (১৫ জুন শনিবার) গুলশান ক্যামব্রিয়ান কলেজ অডিটরিয়ামে ঢাকা ইয়ুথ ক্যারিয়ার ইনস্টিটিউট আয়োজিত 'তরুণরাই গড়বে আগামীর বাংলাদেশ' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১)।

৫।  **বাস্তবসম্মত বাজেট টেকসই অর্থনীতিকে আরো মজবুত করবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট জনবান্ধব, বাস্তবসম্মত, ভারসাম্যমূলক ও গণকল্যাণমুখী। দলের নির্বাচনি ইস্তেহারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এ বাজেট দেশের আর্থসামাজিক বিকাশ ও অর্থনৈতিক প্রবৃদ্ধিকে শক্তিশালী করবে। টেকসই অর্থনীতিকে আরো মজবুত করবে। গতকাল (১৫ জুন শনিবার) আওয়ামী লীগ সভানেত্রীর ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে বাজেট প্রতিক্রিয়ায় তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

৬।  **আজ জাতীয় ফল প্রদর্শনী শুরু**

রাজধানীর ফার্মগেটে খামারবাড়িতে জাতীয় ফল প্রদর্শনী ও ফলদ বৃক্ষরোপণ পক্ষ শুরু হচ্ছে আজ। ফল প্রদর্শনী চলবে আগামী ১৮ জুন পর্যন্ত। ফলদ বৃক্ষরোপণ পক্ষ শেষ হবে আগামী ৩০ জুন। কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে এ ফল প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। আজ (১৬ জুন রোববার) সকাল ১০টায় খামারবাড়ির কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আ কা মু গিয়াস উদ্দীন মিলকী অডিটরিয়ামে জাতীয় ফল প্রদর্শনী ও ফলদ বৃক্ষরোপণ পক্ষের উদ্বোধন করবেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। অনুষ্ঠান উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

৭।  **ওসি মোয়াজ্জেমকে গ্রেফতারে পুলিশের গাফিলতি নেই : স্বরাষ্ট্রমন্ত্রী**

ফেনীর সোনাগাজী থানার সাবেক ওসি মোয়াজ্জেম হোসেন আত্মগোপনে থাকায় তাকে গ্রেফতারে দেরি হচ্ছে। এখানে পুলিশের কোনো গাফিলতি নেই। যেকোনো সময় তিনি গ্রেফতার হতে পারেন বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (১৫ জুন শনিবার) জাতীয় জাদুঘরে তারুণ্য কথা নামের একটি সংগঠন আয়োজিত অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৮।  **শিক্ষাক্ষেত্রে আরও তহবিল নিশ্চিত করা হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, নদী ও মানুষকে আলাদা করা যাবে না, তাই সম্মেলনের থিম 'নদী ও ধর্ম' খুবই যথাযথ এটা স্বীকার করতে হবে। বাংলাদেশে গবেষণার প্রয়োজনের ওপর জোর দিয়ে তিনি বলেন, শিক্ষাক্ষেত্রে আরও তহবিল নিশ্চিত করার দিকে নজর দেওয়া হবে। গতকাল (১৫ জুন শনিবার) ইউনিভার্সিটি অভ্ লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব) আয়োজিত ৮ম এসএসইএএসআর আন্তর্জাতিক সম্মেলন-২০১৯ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৩)।

৯।  **কারিগরি শিক্ষা প্রসারে স্বনির্ভরতার হার বেড়েছে কয়েকগুণ : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, কারিগরি শিক্ষা প্রসারে দেশে স্বনির্ভরতার হার বেড়েছে কয়েকগুণ। সরকার কারিগরি শিক্ষার ব্যাপক প্রসার ঘটিয়েছে। কারিগরি শিক্ষা নিয়ে কোনো ছাত্র এখন আর বেকার নেই। গতকাল (১৫ জুন শনিবার) মানিকগঞ্জ বিজয় মেলা মাঠ প্রাঙ্গণে সপ্তাহব্যাপী বিজ্ঞান মেলা ও প্রযুক্তি সপ্তাহ ২০১৯ এর উদ্বোধন অনুষ্ঠানে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : সমকাল (পৃ.৫,ক.৫),

১০।  **দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ সেরা : তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, বাংলাদেশের সঙ্গে তুলনা করার মতো কোনো দেশ দক্ষিণ এশিয়ায় নেই। এখানে বাংলাদেশের মতো উন্নত দেশ খুঁজে পাবেন না। এ দেশের জিডিপির ধারেকাছেও নেই এ অঞ্চলের কোনো দেশ। গতকাল (১৫ জুন শনিবার) জাতীয় প্রেসক্লাবে বৃহত্তর ময়মনসিংহ যুব সমিতির বার্ষিক সাধারণ সভা ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪)।

**১১। বাংলাদেশ জাতিসংঘের ইকোসকের সদস্য নির্বাচিত**

বিপুল ভোটে জাতিসংঘের মর্যাদাপূর্ণ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ইকোসক) এর সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। গতকাল (**১৫** জুন শনিবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের পাঠানো ঐ বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২০-২০২২ মেয়াদের নির্বাচনে **১৯১** ভোটের মধ্যে **১৮১** ভোট পেয়ে এশিয়া প্যাসিফিক অঞ্চল থেকে বাংলাদেশ ৫৪ সদস্য বিশিষ্ট এ পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.**১**) **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.**১**,ক.৬), **অবজারভার** (পৃ.**১**,ক.**১**)।

**১২। সীমান্তে হত্যায় উদ্বেগ প্রকাশ করেছে বিজিবি : ঢাকায় সীমান্ত সম্মেলন শেষ**

বাংলাদেশ-ভারত সীমান্তে হত্যার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। ঢাকায় বিজিবি ও ভারতের সীমান্তরক্ষী বাহিনী বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ের সম্মেলনে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মো. সাফিনুল ইসলাম এ উদ্বেগ প্রকাশ করেন। তবে সীমান্তে হত্যাকাণ্ডকে অনাকাঙ্ক্ষিত মৃত্যু বলে দাবি করেছেন বিএসএফ মহাপরিচালক রজনীকান্ত মিশ্র। গতকাল (**১৫** জুন শনিবার) ঢাকায় বিজিবি সদরদপ্তরে সম্মেলন শেষে সংবাদসম্মেলন আয়োজন করা হয়। গত **১২** জুন বুধবার থেকে চার দিনব্যাপী এ সম্মেলন শুরু হয়। এটি ছিল ৪৮তম সম্মেলন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.**১**,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**,ক.৫), **অবজারভার** (পৃ.**১**,ক.৮)।

**১৩। সন্ত্রাস-জঙ্গি ও মাদক দমনে রাজধানীতে**
**নাগরিক তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু**

সন্ত্রাস-জঙ্গি ও মাদক নিয়ন্ত্রণের জন্য রাজধানীর ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের তথ্য সংগ্রহ কার্যক্রম আবারও শুরুর উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী **২১** জুন পর্যন্ত চলবে তথ্য সংগ্রহ কার্যক্রম। গতকাল (**১৫** জুন শনিবার) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া সেন্টারে 'নাগরিক তথ্য সংগ্রহ সপ্তাহ'র উদ্বোধন অনুষ্ঠানে এ কথা জানান ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া। এ সময় ডিএমপি কমিশনার বলেন, উন্নত বিশ্বের মতো টেকসই নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলতে এ কার্যক্রম সহায়ক হবে। পুলিশের কাছে তথ্য থাকলে চুরি, ছিনতাই, সংঘবদ্ধ অপরাধ, সন্ত্রাসী বা জঙ্গি হামলার মতো বিষয় প্রতিরোধ করা সম্ভব। এজন্য পুলিশকে তথ্য দিতে নাগরিকদের আহ্বান জানান ডিএমপি কমিশনার। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.**১**), **সংবাদ** (পৃ.**১**,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.**১**,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন শুরু না হওয়ায় জাতিসংঘ মহাসচিব উদ্বেগ প্রকাশ করেছেন উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** ভূমি কিংবা সাব-রেজিস্ট্রি অফিসে দুর্নীতির অনেক প্রতিবেদন প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে ভূমিখাতে অনিয়ম-দূর্নীতি রোধে ডিজিটালাইজেশন করার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ, ইনকিলাব, জনকণ্ঠ, নিউ এজ, নিউজ টুডে, বাংলাদেশ টুডে :** নতুন অর্থবছরের বাজেট ঘোষণা করা হয়েছে উল্লেখ করে বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যায়যায়দিন :** অবৈধ পথে ইউরোপ ঢোকার উদ্দেশে ঝুঁকি নিয়ে নৌকায় ভূমধ্যসাগর পাড়ি দেয়ার বিষয়ে বাংলাদেশিদের সতর্ক করেছে লিবিয়ার বাংলাদেশ দূতাবাস উল্লেখ করে এ ধরনের সতর্কতা সময়োপযোগী ও যৌক্তিক বলে মতপ্রকাশ।

ঙ. **নিউ নেশন :** রাজধানীর ৯৩ শতাংশ ফার্মেসিতে মেয়াদোত্তীর্ণ ওষুধ রাখা হচ্ছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** মানুষের অসচেতন জীবন-যাপনের কারণে ডায়াবেটিস, ক্যান্সার, উচ্চ-রক্তচাপের মতো অসংক্রামক রোগের পরিমাণ বাড়ছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সড়কপথ যেন মৃত্যুকূপ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সবার সচেতনতাই পারে সড়ক দুর্ঘটনা হ্রাস করতে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/ ৯.০০ঘন্টা